

তারিখ 5. MAY. 2003.
 পৃষ্ঠা ১২

শিক্ষা প্রতিষ্ঠানের অ্যাকাডেমিক, প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম তত্ত্বাবধানে উপজেলা ও জেলা কমিটি গঠন

নিম্ন বর্তী পরিবেশক : উপজেলা ও জেলা পর্যায়ে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম মূল্যায়নের জন্য উপজেলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কমিটি এবং জেলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কমিটি গঠন করা হয়েছে। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় থেকে দুটি প্রজ্ঞাপন (নং-শিম/শা-১১/৪(২)/২০০২/এবং শিম/শা-১১/৪(২)/২০০২/৪৪৩) জারি করা হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়, উপজেলা ও জেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম পরিবীক্ষণ, মূল্যায়ন এবং সে সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণ ও শিক্ষা ব্যবস্থাপনায় তাদের অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে শিক্ষার সামগ্রিক মান বৃদ্ধির জন্য এই কমিটি দুটি গঠন করা হয়েছে।

উপজেলা কমিটিতে পদাধিকারবলে সভাপতির দায়িত্ব পালন করবেন উপজেলা নির্বাহী কর্মকর্তা। এছাড়া জেলা পরিষদের সচিব ও সহকারী কমিশনার (ভূমি) পদাধিকারবলে এই কমিটির সদস্য হবেন। অন্য সদস্যরা হচ্ছেন, সরকারি ডিগ্রি কলেজ অথবা উচ্চ মাধ্যমিক কলেজ ও মহিলা কলেজের অধ্যক্ষ, বেসরকারি ডিগ্রি অথবা উচ্চ মাধ্যমিক কলেজ ও মহিলা কলেজের অধ্যক্ষ, উপজেলা নির্বাহী কর্মকর্তা মনোনীত একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটের তত্ত্বাবধায়ক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী, দাখিল, আলিম, ফাজিল অথবা কামিল মাদ্রাসার অধ্যক্ষ অথবা তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক স্কুল ও কলেজের প্রধান শিক্ষক অথবা অধ্যক্ষ, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের (বালক ও বালিকা) প্রধান শিক্ষক, শিক্ষানুরাগী, উপজেলা বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটিতে নির্বাচিত অভিভাবক প্রতিনিধি (১ জন কলেজের, ১ জন মাধ্যমিক স্কুলের, ১ জন মাদ্রাসার ও ১ জন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের), একজন

গঠন : কমিটি

(১২ পৃষ্ঠার পর) শিক্ষাবিদ :

এছাড়া উপজেলা প্রকল্প কর্মকর্তা, সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।
 জেলা কমিটিতে উপদেষ্টার দায়িত্ব পালন করবেন জেলার ভারপ্রাপ্ত মন্ত্রী, প্রতিমন্ত্রী অথবা উপমন্ত্রী। পদাধিকারবলে সভাপতির দায়িত্ব পালন করবেন জেলা প্রশাসক।
 পদাধিকারবলে সদস্য থাকবেন ও সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন যথাক্রমে জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা ও জেলা শিক্ষা কর্মকর্তা। এছাড়া জেলার সকল উপজেলার নির্বাহী কর্মকর্তারা পদাধিকারবলে, কমিটির সঙ্গী থাকবেন।
 কমিটিতে উপজেলা কমিটির মতো বিভিন্ন কাটাগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা সদস্য হিসেবে থাকবেন। অন্যদের মধ্যে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, জেলা পলিটেকনিক ইনস্টিটিউট, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, শিক্ষানুরাগী হিসেবে একজন পুরুষ ও একজন মহিলা এই কমিটিতে সদস্য থাকবেন। দুটি কমিটির আওতায় সরকারি ও বেতন-ভাতার সরকারি অংশপ্রাপ্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলো থাকবে। কমিটি দুটির আওতাভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম তত্ত্বাবধান করবে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সম্পদ ব্যবস্থাপনা ও আর্থিক নিয়ন্ত্রণ উদারকি করবে।